# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা,নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

**Office of the Additional Director General**
**(Planning, Design & Research)**
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42


স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৫১ তারিখঃ ২০/০৭/২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

"রাজশাহী জেলার চারঘাট ও বাঘা উপজেলায় পদ্মা নদীর বামতীরের স্থাপনাসমূহ নদী ভাঙ্গন হতে রক্ষা" শীর্ষক প্রকল্পের প্রকল্প এলাকায় জনগুরুত্বপূর্ণ অতিভাঙ্গন প্রবণ অংশের তীর প্রতিরক্ষা কাজ, তীর প্রতিরক্ষা পুনর্বাসন এবং ক্রসবার নির্মাণ কাজ অন্তর্ভুক্তির লক্ষ্যে ডিপিপি সংশোধন করার নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শন পূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা/কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন/কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ সুলতান মাহমুদ, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব পলি দাশ, নির্বাহী প্রকৌশলী, নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ জিয়াউল আমিন, উপ-প্রধান (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব কে, এম, জাকির হোসেন, উপ-প্রধান (মৃত্তিকা), পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক মতামত গ্রহণ করে বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রকল্পের আওতায় চারঘাট উপজেলার গোপালপুর নামক স্থানে ৪০০ মিটার, বাঘা উপজেলার আলাইপুর এ চলমান কাজের উজানে ২০০ মিটার এবং চলমান তীর প্রতিরক্ষা প্যাকেজ এর মাঝে ৭০০ মিটার সর্বমোট (৪০০+২০০+৭০০) = ১,২০০.০০ মিটার নদী ভাঙ্গনরোধে অতিরিক্ত নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়নের যৌক্তিকতা নির্ধারনের লক্ষ্যে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন;

গ) বাঘা উপজেলার চকরাজাপুর ইউনিয়নের প্রকল্প এলাকা সংলগ্ন উজান ও ভাটিতে অত্যন্ত ভাঙ্গন প্রবণ এলাকা রক্ষার্থে নদী তীর প্রতিরক্ষা কাজের পাশাপাশি ড্রেজিং কাজের মাধ্যমে প্রাপ্ত ড্রেজড ম্যাটেরিয়াল দিয়ে বিভিন্ন পয়েন্টে ক্রসবার নির্মাণ করা এবং ভূমি পুনুরুদ্ধার ও ভূমি রক্ষার্থে পদ্মা নদীর বাম তীরের ভাঙ্গন রোধ নিশ্চিত করতে প্রকল্পে অন্তর্ভুক্ত ৪টি ক্রসবারের অতিরিক্ত আরো ৪টি ক্রসবার নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় সুপারিশমালা প্রতিবেদনে উল্লেখ করবেন;

ঘ) ড্রেজিং কাজ সম্পন্ন হলে প্রত্যাশা অনুযায়ী গাছ রোপন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন;

ঙ) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পাদনের লক্ষ্যে সঠিকভাবে কর্মপরিকল্পনা প্রণয়ন এবং প্রকল্পের মেয়াদের প্রেক্ষিতে বার্ষিক ও ত্রৈমাসিক পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;

চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

২। কমিটি প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/5479.pdf) এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী ও প্রধান প্রকৌশলী, নকশা দপ্তরের স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০ তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/9730.pdf) এবং প্রধান প্রকৌশলী, মনিটরিং দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৩ তারিখঃ ১৪/০৬/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/10281.pdf) অনুসরণপূর্বক সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ২১(একুশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের Soft Copy অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের ই-মেইল adgpl.bwdb@gmail.com ঠিকানায় প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২০/০৭/২০২২

(মোঃ আঃ মজিদ)
পরিচালক (চলতি দায়িত্ব) এবং
উপ-সচিব (পরিকল্পনা)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ সুলতান মাহমুদ, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-১, বাপাউবো, ঢাকা।
৩। জনাব পলি দাশ, নির্বাহী প্রকৌশলী, নকশা সার্কেল-৭, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ জিয়াউল আমিন, উপ-প্রধান (অর্থনীতি), কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব কে, এম, জাকির হোসেন, উপ-প্রধান (মৃত্তিকা), পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী।
৭। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৮। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১-২। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা/ নকশা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল, বাপাউবো, রাজশাহী।
৫। যুগ্ম-প্রধান, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯। অফিস কপি।